দৈনিক সংবাদ

তারিখ 22 JAN 1986
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

59

# একুশে উদযাপনের কর্মসূচী

যথাযথ মর্যাদায় ২১শে ফেব্রুয়ারী ১৯৮৬ উদযাপনের জন্য গত সোমবার শিক্ষা সচিবের সভাপতিত্বে এক আন্ত: মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

একুশে ফেব্রুয়ারী সরকারী ছুটি হিসাবে পালিত হবে। দেশের সকল স্কুল, কলেজ, সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

ঢাকা শহরে হোটেল শেরাটন, হোটেল সোনারগাঁও, শাহাবাগ গোল চক্কর, ছাত্র শিক্ষক মিলন কেন্দ্র, কার্জন হল ও শিক্ষা ভবন সম্মুখস্থ দীপগুলি বাংলা বর্ণমালা সম্বলিত ফেষ্টুন দ্বারা সজ্জিত করা হবে। শহীদ মিনার এলাকা সজ্জিত করার ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে একুশে ফেব্রুয়ারী উদযাপন উপলক্ষে যথাযথ কর্ম-

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## একুশে কর্মসূচী

(১ম পাতার পর)

সূচী গ্রহণের নিমিত্তে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

প্রত্যেক জিলা ও উপজেলা পর্যায়ে যথাযথ মর্যাদার সাথে দিনটি পালন করা হবে। মসজিদ, মন্দির ও গীর্জাসহ সকল উপাসনালয়ে শহীদদের রুহের মাগফেরাত কামনা করা হবে। বিভিন্ন মসজিদে শহীদদের রুহের মাগফেরাতের জন্য কোরানখানি ও মিলাদের আয়োজন করা হবে।

আজিমপুর গোরস্থানে ফাতেহা পাঠ ও শহীদদের রুহের মাগফেরাতের জন্য মোনাজাত করা হবে। রমনা বটমূলে দেশাত্মবোধক গানের আসরের জন্য কোন অনুমতির প্রয়োজন হবে না। পূর্ত বিভাগ এ ব্যাপারে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবে। যারা অনুষ্ঠান করতে চান তারা অনুষ্ঠানের সঠিক সময় জানিয়ে পূর্ত বিভাগের প্রধান প্রকৌশলীর বরাবরে সময় বরাদ্দের জন্য আবেদন করবেন।

রেডিও, টেলিভিশন ও জাতীয় সংবাদপত্রসমূহ অনুষ্ঠান মালা, প্রতিবেদন, ক্রোড়পত্র ইত্যাদি প্রচার ও প্রকাশনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। রেডিও বাংলাদেশ ও বাংলাদেশ টেলিভিশন এক সপ্তাহ পূর্ব হতে নিয়মিত অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

বাংলা একাডেমী প্রাঙ্গণে গ্রন্থমেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। শহীদ মিনারে অনুষ্ঠিত সকল কর্মসূচীর সুষ্ঠু সমন্বয়, পরিকল্পনা ও ব্যবস্থাপনার দায়িত্ব ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওপর ন্যস্ত থাকবে।

সভায় সকল রাজনৈতিক সংগঠন, সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং জনসাধারণকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগে যোগাযোগ রক্ষা করে শৃংখলার সাথে একুশে ফেব্রুয়ারী ১৯৮৬ পালন করার জন্য অনুরোধ করা হয়। খবর তথ্য বিবরণীর।